গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.motj.gov.bd

নং-২৪.০৯.০০০০.২০৭.১৫.২৬৫(১).১৩/৩৯৭

তারিখ ঃ ২৪ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ / ০৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	নির্বাহী পরিচালক বেতনঃ সর্বসাকুল্যে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা	০১টি	১। দেশের অথবা বিদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রি, পিএইচ.ডি ধারী অগ্রাধিকার। সরকারী/আধাসরকারী/ প্রতিষ্ঠানে-এ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তন্মধ্যে কোন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পদে কমপক্ষে ০৩ বছরেরর অভিজ্ঞতা; ২। দেশী/বিদেশী জার্নালে ৩-৫টি গবেষণা প্রকাশনা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হবে; ৩। বহমুখী পাটপণ্য উৎপাদন ও সম্প্রসারণের কারিগরী জ্ঞান এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে; ৪। বয়স ৫৫-৬২ বছর।
০২।	পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন) বেতনঃ সর্বসাকুল্যে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা	০১টি	১। বহমুখী পাটপণ্যের ডিজাইন, ফ্যাশন এবং পণ্য উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে দেশে অথবা বিদেশে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী, পিএইচ.ডি ধারীদের অগ্রাধিকার; ২। বহমুখী পাটপণ্য ফ্যাশন ইনফিউশন (infusion) এর উন্নয়ন, বিশেষ করে টেক্সটাইলস্ এবং নন-টেক্সটাইল পণ্যের ক্ষেত্রে ১৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা; ৩। বয়স ৪৫-৫৫ বছর।
০৩।	টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ মূল বেতনঃ ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা	০১টি	১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান/প্রযুক্তি বিষয়ে স্নাতক ডিগ্রি। গবেষণা/শিল্প প্রতিষ্ঠানে এবং আইটি সেক্টরে কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ২। বয়স ২৫-৪০ বছর।
০৪।	কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর মূল বেতনঃ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা	০১টি	১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সাইন্সে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ২। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।

শর্তাবলীঃ

(১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.motj.gov.bd/jdpc.gov.bd) হতে নির্ধারিত ছক ডাউনলোড করে আবেদন করতে হবে।

(২) আগামী ২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালে ডাক যোগে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;

(৩) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫x৫ সেঃমিঃ আকারের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা পরিচয়পত্র ও চারিত্রিক সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করেতে হবে;

(৪) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(৫) খামের উপর আবেদকৃত পদের নাম উল্লেখ করতে হবে;

(৬) উপরোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সরকারী আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে;

(৭) আবেদন পত্রের সাথে ক্রমিক ১ ও ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার এর অনুকূলে দাখিল করতে হবে;

(৮) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(৯) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

(১০) এ নিয়োগ বিজ্ঞাপ্তি www.motj.gov.bd এবং www.jdpc.gov.bd এ পাওয়া যাবে।

৮-৯-১৬

(মোঃ হায়দার আলী মোল্লা)